



ফুলবাড়ি (দিনাজপুর) : শিক্ষা উপকরণ হিসেবে স্কুল ব্যাগ ও খাতা হাতে ঝরে পড়া শিত শিক্ষার্থীরা

— ইত্তেফাক

## ঝরে পড়া রোধে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

■ ফুলবাড়ি (দিনাজপুর) সংবাদদাতা  
শিক্ষাজীবন থেকে ঝরে পড়া রোধকল্পে গতকাল সোমবার বেসরকারি সংস্থা ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ ফুলবাড়ি এডিপির উদ্যোগে উপজেলার আলাদিপুর, বেতদীঘি, কাজিহাল ও এলুয়ারি ইউনিয়নের সাড়ে তিন হাজার শিশুর মাঝে শিক্ষা উপকরণ হিসেবে স্কুলব্যাগ ও খাতা বিতরণ করা হয়েছে। সংস্থা ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ ফুলবাড়ি এডিপি ম্যানেজার পবিত্র বি কান্তার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রধান অতিথি ইউপি চেয়ারম্যান আইয়ুব আলী ও বিশেষ অতিথি বিদ্যালয়ের প্রধান শিক্ষক

একরাসুল হক। এতে আরো বক্তব্য রাখেন ফ্রেডস গ্রুপের সভাপতি সিরাজুল ইসলাম, নবজাগরণ শিশু ফোরামের সভাপতি বেবি রায়, ভোরের আলো গ্রাম উন্নয়ন শিশু ফোরামের সভাপতি মমতা রাজবংশী প্রমুখ।

রাসখাটি উচ্চ বিদ্যালয়ের সপ্তম শ্রেণির ছাত্রী জাকিয়া সুলতানা জানায়, নতুন বছরে সপ্তম শ্রেণিতে উঠে কয়েকদিন ক্লাস করেই স্কুল যাওয়া বন্ধ করে দেই। কারণ স্কুলের প্রায় সকল ছাত্র-ছাত্রী নতুন ব্যাগ নিয়ে স্কুলে আসতো, তখন খুব খারাপ লাগতো। কিন্তু আজ নতুন ব্যাগ ও খাতা পেয়ে ভীষণ খুশি লাগছে।